দৈনিক ইনকিলাব

তারিখ ...২[illegible]...৮.৮৮...
পৃষ্ঠা... ২... ...কলাম... ৬

079

## বিশ্ববিদ্যালয়ে সেশন জট প্রসঙ্গে শিক্ষামন্ত্রী

# ছাত্রছাত্রীদের গড়ে ৩ বছর অপচয় হচ্ছে

।। সংসদ রিপোর্টার ।।

শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ বলেন বিশ্ববিদ্যালয়সমূহে সেশন জটের ফলে জাতির নানাবিধ সামাজিক ও অর্থনৈতিক সমস্যার সৃষ্টি হচ্ছে। তিনি বলেছেন, দেশের ৬টি বিশ্ববিদ্যালয়ে স্নাতক (সমান) ও মাষ্টার্স পর্যায়ে বর্তমানে প্রায় ৪২ হাজার ছাত্র ছাত্রী অধ্যায়ন

৭-এর পৃঃ দেখুন

## শিক্ষামন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর

করছে। কিন্তু বিশ্ববিদ্যালয়ের সেশন জটের ফলে এ সব ছাত্র ছাত্রীর গড়ে প্রায় ৩ বছর সময় অপচয় হচ্ছে। শিক্ষা মন্ত্রী জনাব মাহমুদ গতকাল জাতীয় সংসদে জনাব কলিম উদ্দিন আবহমেদ কর্তৃক 'বিশ্ববিদ্যালয়ের সেশন জটের ফলে আর্থিক দিক দিয়ে অভিভাবকরা এবং ছাত্ররা তাদের জীবনের মূল্যবান বছর হারিয়ে হতাশায় ভুগছেভ"— এ মর্মে আনীত এক জরুরী জন-গুরুত্বসম্পফনন বিষয়ের ওপর বক্তব্য রাখছিলেন।

মন্ত্রী বলেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় গড়ে দেড় বছর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় গড়ে ২ বছররাজশাহী বিশ্ববিদ্যালয় গড়ে ৩ বছর, প্রাকৌশল বিশ্ববিদ্যালয়ে গড়ে ২ বছর এবং কৃষি বিশ্ববিদ্যালয় গড়ে ৩ বছর সেশন জটের কবলে পড়ে পিছিয়ে রয়েছে। তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের কোন খবর নেই। কারণ উক্ত অনুষদ এখনো ১৯৮৩ ও ১৯৮৪ সনের সমস্যা নিয়েই ব্যস্ত।

জনাব মাহমুদ বলেন, বিশ্ববিদ্যালএস্থলের এ সেশন জটের জন্য তিনটি প্রধান কারণ চিহ্নিত করা হয়েছে। (ক) রাজনৈতিক, ছাত্র অসন্তোষ, শিক্ষক ও কর্মচারীদের দাবী-দাওয়া ও ধর্মঘট ইত্যাদি কারণে ক্লাশ বন্ধ থাকে বিধায় নির্ধারিত সময়ে কোর্স সম্পন্ন করা সম্ভব হয় না। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ১৯৮৭ সলে এ সব কারণে ২শ' ৪২ দিন ক্লাশ অনুষ্ঠিত হয়নি এবং অন্যান্য বিশ্ববিদ্যালগুলোতেও মোটামোটি একই অবস্থা রয়েছে। (খ) পরীক্ষা অনুষ্ঠান ও সময়মত ফলাফল প্রকাশে বিশলম্ব (গ) বিশেষ কতগুলো কারণে ভর্তি এক বছর বিলম্বিত হওয়া।